# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. SECOND SEMESTER EXAMINATION, MAY 2019**
**FIRST YEAR [BATCH 2018-21]**
**BENGALI (Honours)**
**Paper : II**

Date : 16/05/2019
Time : 11 am – 3 pm
Full Marks : 100

১। ভারতচন্দ্রের কাব্য 'রাজকণ্ঠের মণিমালা' মন্তব্যটির তাৎপর্য উল্লেখ করে কবির কাব্যকৃতির শ্রেষ্ঠত্বের কারণ নির্দেশ করো। [৬+৮]

**অথবা**

মধ্যযুগের বাংলা সাহিত্যে প্রধান অনুবাদ ধারাগুলির নাম উল্লেখ করো। বাংলা মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদকের আবির্ভাবকাল ও পরিচয় সংক্ষেপে নির্দেশ করে তাঁর কাব্যের বিশিষ্টতা সম্পর্কে তোমার নিজের অভিমত ব্যক্ত করো। [১+৫+৮]

২। নব্যভারতীয় আর্যভাষা থেকে বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস চিত্রসহ বিবৃত করো।

**অথবা** [১২]

বিবর্তনের সূত্র ধরে বাংলা ভাষার উদ্ভবের ইতিহাসটি বর্ণনা করো।

৩। ভাঁড়ু দত্ত চরিত্রটি নির্মাণে কবি মুকুন্দ চক্রবর্তী যে প্রসন্ন জীবনদৃষ্টি ও জীবন রসগ্রাহী মানসিকতার পরিচয় দিয়েছেন, তা মধ্যযুগীয় বাংলা সাহিত্যে বিরল।— চরিত্রটি বিশ্লেষণ করে মন্তব্যটি পর্যালোচনা করো।

**অথবা** [১২]

নারী মনস্তত্ত্ব রূপায়ণে কবিকঙ্কন মুকুন্দ চক্রবর্তী যে দক্ষতার পরিচয় দিয়েছেন, ফুল্লরা চরিত্র অবলম্বনে তা বিশ্লেষণ করো।

৪। রত্নাকর দস্যু ও রামায়ণের মাহাত্ম্য কীভাবে রামভক্তিবাদের তত্ত্বকে প্রতিষ্ঠিত করেছে তা উল্লেখ করো।

**অথবা** [১২]

ভগীরথের গঙ্গা আনয়ন আসলে অনুর্বর কৃষিজমির রুক্ষতা কাটিয়ে শস্যশ্যামলা রূপদান করার অভাবনীয় প্রচেষ্টা।— মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো।

৫। গোরক্ষবিজয় আখ্যান আসলে মায়াবিষ্ট গুরুকে মায়ামুক্ত করার ;অসাধ্য-সাধন করার প্রয়াসকেই সুচিহ্নিত করেছে। — আলোচনা করো।

**অথবা** [১২]

নাথসাহিত্যে নাথ ধর্ম-দর্শনের যে কয়েকটি দিক ফুটে উঠেছে, তার পরিচয় দাও।

৬। গীতিকা বা ব্যালাড বলতে কী বোঝ? এর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে মহুয়া পালাটি গীতিকা হিসাবে কতখানি সার্থক হয়েছে সে বিষয়ে তোমার অভিমত দাও। [২+৪+৬]

**অথবা**

লালন ফকিরের যে কোনো একটি গান অবলম্বনে বাউলধর্মের তত্ত্ব ও দর্শন সম্পর্কে আলোচনা করো। [১২]

৭। বাক্-কেন্দ্রিক লোকসংস্কৃতির বিভিন্ন ধারাগুলির নামোল্লেখ করে যে কোনো একটি ধারা সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করো।

**<u>অথবা</u>** [১২]

লোকাচার ও লোকবিশ্বাস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৮। মাত্রাবৃত্ত বা সরল কলাবৃত্ত ছন্দের সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। [১০]

**<u>অথবা</u>**

সংক্ষেপে আলোচনা করো ঃ **ক) মাত্রা খ) দল** [৫+৫]

৯। ছন্দোলিপি প্রণয়ন করো ঃ

ক) হঠাৎ যদি নিবে যায়, এই মোমের মৃদু আলো
ঋণী থাকবো ঝড়ের কাছে, বিদ্যুৎ চমকালো।

**<u>অথবা</u>** [৪]

খ) নিম খাওয়ালে চিনি বলে কথায় করে ছলো।
মিঠার লোভে তেতো মুখে সারা দিনটা গেলো।।

—————— × ——————